

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৪.১১.০০৯.২০১৯-১০৩৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
২৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ক্রমিক	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়স	শিক্ষণত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করার প্রয়োজন নেই
১	২	৩	৪	৫	৬
০১	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, (গ্রেড : ১৩) বেতন স্কেল : টা: ১১,০০০-২৬,৫৯০/-	০৮টি	অনুর্ধ্ব ৩০ বছর	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে অন্ত্যন বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে; (গ) কম্পিউটার টাইপিংয়ে প্রতি মিনিটে অন্ত্যন বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে; (ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; (ঙ) কম্পিউটার এ্যাপলিট্যুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; (চ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	ময়মনসিংহ, লালমনিরহাট, যশোর এবং বরিশাল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে এটিম ও প্রতিবন্ধী কোটায সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২	কম্পিউটার অপারেটর (গ্রেড : ১৩) বেতন স্কেল : টা: ১১,০০০-২৬,৫৯০/-	০৫টি	অনুর্ধ্ব ৩০ বছর	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সর্বশ্রেষ্ঠ বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে;	
০৩	ক্যাশিয়ার (গ্রেড : ১৪) বেতন স্কেল : টা: ১০,২০০-২৪,৬৮০/-	০১টি	অনুর্ধ্ব ৩০ বছর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী; (খ) কম্পিউটার চালানায় দক্ষতা থাকতে হবে।	
০৪	অফিস সহায়ক (গ্রেড : ২০) বেতন স্কেল : টা: ৮,২৫০-২০,০১০/-	০৫টি	অনুর্ধ্ব ৩০ বছর	মাধ্যমিক স্তর সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, শরীয়তপুর, বিশোয়গঞ্জ, জামালপুর, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুষ্টিয়া, লালমনিরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, বরিশাল এবং বালকাঠি জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে এটিম ও প্রতিবন্ধী কোটায সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :

- ০১/১০/২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ৩২ বছর পর্যন্ত বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। আগামী ০১/১০/২০১৯ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ২১/১০/২০১৯ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে;
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;
- এ নিয়োগের ক্ষেত্রে সরকারি কোটা সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;
- সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে ক্রমিক নম্বর ১, ২ ও ৩ এ বর্ণিত পদের জন্য বাছাই, লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;
- নিয়োগ বিজ্ঞপ্তির ০১ হতে ০৩নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১১২/- (একশত বারো) টাকা এবং ০৪নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫৬/- (ছাশ্বদ) টাকা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে;
- লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না;
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি ও Application Form এবং সকল কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তিবর্তী/ভারতীয় তালিকার ফটোকপি দাখিল করতে হবে;
- কর্তৃপক্ষ পদের সংখ্যা বৃদ্ধি এবং এ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:  
পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://mefwd.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রয়োজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইটে ([www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)) পাওয়া যাবে;

(মোঃ আনোয়ার হোছাইন আকন্দ)

উপসচিব (প্রশাসন-১)

ও

সদস্য-সচিব

১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
ফোন : ৯৫৪৫৮২০

ডিজি-১৮৯৫/১৯ (১৫)×৪